



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং : ৩৮.০১.০০০০.১৪৫.১৯.০০১.২১-৬৬৬


তারিখ: ০৭ আষাঢ় ১৪২৯
২১ জুন ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি কার্যক্রম প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড -১৯ সংক্রমণ রোধে বিদ্যালয় বন্ধ ঘোষণা করার প্রেক্ষিতে বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় ২৫ অক্টোবর ২০২০ তারিখের ৩৮.০১.০০০০.১৪৪.৯৯.০১১.১৯-১১৪৬ নং স্মারকে শিক্ষকগণের সকল প্রকার বদলি কার্যক্রম বন্ধ রাখা হয়। বর্তমানে স্বাভাবিক সময়ের ন্যায় বিদ্যালয় চালু হওয়ায় শিক্ষক বদলি বন্ধের উক্ত আদেশটি গত ১৩/০৬/২০২২ তারিখে প্রত্যাহার করা হয়।

উল্লেখ্য, “সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৮ (সংশোধিত)” অনুসরণে সহকারী শিক্ষকদের বদলির কার্যক্রম প্রতি বছরের জানুয়ারি - মার্চ সময়ে সম্পন্ন হয়ে থাকে। একই নির্দেশিকা অনুসরণ করে প্রধান শিক্ষকদেরও বদলি কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। উক্ত নির্দেশিকার ব্যত্যয় ঘটিয়ে এ অধিদপ্তর হতে কোন বদলীর আদেশ জারী করা হয়নি।


(মনীষ চাকমা)

যুগ্মসচিব
পরিচালক (পলিসি এন্ড অপারেশন)

ফোন: ০২-৫৫০৭৪৯১৮

ই-মেইল: dirpolicydpe@gmail.com

অনুলিপি:

- ১) পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রাশিঅ ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)
- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৬) উপজেলা শিক্ষা অফিসার, (সকল)
- ৭) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৮) অফিস কপি।